শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# ০৭ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
## রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২৩ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা আগামী ১৪/১২/২০২৩ ইং তারিখ বেলা ১১:০০ টায় কমিটির সভাপতি এবং ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আনোয়ারুল ইসলাম)
কাউন্সিলর- ০৭ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ০৭ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

........................
........................
........................

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিতরণ (সদয় অবগতি এবং কার্যার্থে ):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

১৩/১২/২৩

মোঃ আনোয়ারুল ইসলাম
কাউন্সিলর
রংপুর

(মোঃ আনোয়ারুল ইসলাম)
কাউন্সিলর- ০৭ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ০৭নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

০১ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

**স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা**

## ওয়াড নং- ০৭

সভার তারিখঃ ১৪/১২/২০২৩ খ্রী.

| ক্র: নং | নাম | পরিচয়/পেশা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ আনোয়ারুল ইসলাম | কাউন্সিলর | সভাপতি | |
| ০২ | মোছাঃ মোসলেমা বেগম | সংরক্ষিত মহিলা কাউন্সিলর | সহ- সভাপতি | |
| ০৩ | মোঃ আযাহারুল ইসলাম | নিম্ন আয়ের প্রতিনিধি | সদস্য | |
| ০৪ | মোঃ রাজ্জাকুল ইসলাম | নিম্ন আয়ের প্রতিনিধি | সদস্য | |
| ০৫ | মোঃ আব্দুল হাফিজ সুজা | সুশীল সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ০৬ | মোঃ আব্দুর হালিম | সুশীল সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ০৭ | মোঃ মতিউর রহমান | সুশীল সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ০৮ | মোঃ ইদ্রিস আলী | এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ০৯ | মোঃ আব্দুর রাজ্জাক | এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ১০ | মোঃ শহিদুল ইসলাম | পেশাজীবি সংগঠনের প্রতিনিধি | সদস্য | |
| ১১ | মোঃ আব্দুল খালেক | পেশাজীবি সংগঠনের প্রতিনিধি | সদস্য | |
| ১২ | মোঃ হাসিন রাইহান | সামাজিক/সাংস্কৃতিক/যুব/ক্রীড়া সংগঠন প্রতিনিধি | সদস্য | |
| ১৩ | মোঃ আহসান | সামাজিক/সাংস্কৃতিক/যুব/ক্রীড়াসংগঠন প্রতিনিধি | সদস্য | |
| ১৪ | মোছাঃ হাসিনা বেগম | নারী প্রতিনিধি | সদস্য | |
| ১৫ | মোছাঃ আঞ্জুমান আরা | নারী প্রতিনিধি | সদস্য | |
| ১৬ | মোঃ রতন মিয়া | মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য | |
| ১৭ | আদর রহমান | গণমাধ্যম প্রতিনিধি | সদস্য | |
| ১৮ | মোঃ আরিফুল ইসলাম | ওয়ার্ড সচিব | সদস্য সচিব | |

০৭ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd



"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২৩ খ্রিষ্টাব্দ

**রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)-০৭ নং ওয়ার্ড**
**১ম সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ আনোয়ারুল ইসলাম (কাউন্সিলর)
০৭নং ওয়াড, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর ।

পরিচালনায় : মোঃ আরিফুল ইসলাম (উদ্যোক্তা/ওয়ার্ড সচিব)
০৭নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

সভার স্থান : ০৭নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়।
গুলাল বুদাই, রংপুর সিটি কর্পোরেশন।

সময় : সকাল ১১.০০ টা
উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা "পরিশিষ্ট ক"

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে সালাম ও স্বাগত জানান। সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পবিত্র কোরআন থেকে তেলাওয়াত হয়। কমিটির সকল সদস্যগণকে নিজের পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজের পরিচয় প্রদান করেন। সভাপতি বলেন, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এ কমিটি গঠন করা হয়েছে। অতপর সভাপতি মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করার জন্য ওয়ার্ড সচিবকে অনুরোধ জানান।

ওয়ার্ড সচিব জনাব মোঃ আরিফুল ইসলাম সভা কার্যক্রম শুরু করেন। তিনি ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠনের মূল উদ্দেশ্য সম্পর্কে উপস্থিত কমিটির সদস্যগণকে অবহিত করেন। তিনি বলেন সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে যে সব সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করণ, নাগরিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ ইত্যাদি কার্যক্রমসমূহ এই কমিটির মাধ্যমে নগরবাসীকে অবহিত করা হবে। এবং এই কমিটির মাধ্যমে সিটি কর্পোরেশনের প্রান্তিক পর্যায়ের নাগরিকগণের প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা হবে।

ওয়ার্ড সচিব ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর রুপরেখা তুলে ধরেন তিনি বলেন জাইকার সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ি ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন-সিফোরসি প্রকল্পের মাধ্যমে গঠিত হয় এই ডব্লিউএলসিসি কমিটি' তিনি আরো বলেন এই কমিটিতে কাউন্সিলর মহোদয় সভাপতি, ওয়ার্ড সচিব সদস্য সচিব সদস্য হিসেবে রয়েছেন বিভিন্ন পেশাজীবি সংগঠনের প্রতিনিধি, ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, গণমাধ্যমের প্রতিনিধি, সামাজিক/ সাংস্কৃতিক/যুব সংগঠনের প্রতিনিধি, সুশীল সমাজ, বেসরকারী খাত (শিল্প ও বানিজ্য), নারী প্রতিনিধি রয়েছেন।

অতঃপর ওয়ার্ড সচিব উপস্থিত সকল সদস্যগণের উদ্দেশ্যে উন্মুক্ত আলোচনা করার আহবান জানালে নিম্নরুপ আলোচনা হয়।

- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন মোঃ আব্দুল হাফিজ সুজা (সুশীল সমাজ প্রতিনিধি) তিনি বলেন দেশের দ্বিতীয় বৃহত্তম সিটি কর্পোরেশন রংপুর, আমাদের আশেপাশে অনেক দুস্থ পরিবার রয়েছে যাদের আমরা সঠিক ভাবে সহায়তা প্রদান করতে পারিনা। এমনও অনেক পরিবার রয়েছে যারা তিন বেলা খেতে পারেনা। তাই এমন পরিবারকে যদি আমরা সহযোগিতা করি তাহলে তাদের পরিবারে স্বচ্ছলতা ফিরে আসবে। তিনি আরও বলেন আমার এই রংপুর সিটিতে বিধবা ভাতা চালু নেই, তাই যদি এই ভাতা চালু করা হয় তাহলে অনেক বিধবা মহিলা উপকৃত হবে। তিনি এসব বিষয় নিয়ে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অবিহিত করে বক্তব্য শেষ করেন।

- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন মোঃ ইদ্রিশ আলী (ইনজিও প্রতিনিধি) তিনি বলেন, আমাদের এই আশে পাশে বড় ধরণের কোন প্রজেক্ট চালু নেই। বাইরে থেকে কোন ধরণের কোন সহযোগিতা আসেনা এবং কোন ধরণের কোন প্রজেক্ট নেই। তিনি আরও বলেন যদি আমাদের গ্রামে এসব প্রজেক্ট ও বিভিন্ন ধরণের এনজিও আমাদের গ্রামে নিয়ে আসা যায় তাহলে বেরারত্ব সহ অত্র এলাকার জীবন মান অনেক উন্নয়ন হবে।

- জনাব আদর রহমান (সাংবাদিক) তিনি বলেন রাস্তার অবস্থা ততটা উন্নত নয়, এসব রাস্তা খুব দ্রুত সংস্কার করা প্রয়োজন। তিনি আরও বলেন রাস্তার পরিধি অনেক ছোট এসব রাস্তার পরিধি আরও বড় করতে হবে। তিনি বলেন অনেক অসাধু মানুষ রয়েছে যারা রাস্তাপাশের জোড় করে বাড়ি, দোকানপাট ইত্যাদি স্থাপন করেছেন। এসব অবৈধ স্থাপনাকে রংপুর সিটি কর্পোরেশন ম্যাজিস্ট্রেট মহোদয়ের মাধ্যমে সমস্ত অবৈধ স্থাপনা তুলে ফেলতে হবে। পাশাপাশি অনেক যায়গায় লক্ষ্য করা যায় কিছু কিছু রাস্তা পার হতে অনেক সমস্যা হয় সেখোনে যদি ব্রিজ নির্মান করা হয় তাহরে এর সমস্যা সমাধান হওয়া সম্ভব। এতে করে নগরির জীবন মান উন্নত হবে।

- বিশিষ্ট সমাজ সেবক জনাব মোঃ মতিউর রহমান বলেন আমাদের আশে পাশে এমন অনেক শিক্ষার্থী রয়েছে যারা উচ্চ শিক্ষা গ্রহণ করতে পারেনা। কারণ তাদের আর্থিক স্বচ্চলতা নাই। আমাদের উচিত হবে এমন শিক্ষার্থীকে আর্থিক ভাবে সহযোগিতা করা। যদি সমাজে এসব কাজ আমরা করতে না পারি তাহলে ভাল মানুষ তৈরি করতে আমরা কখনোই পারবনা। কারণ মানবিক দিক বলতে কোন কিছুই থাকবে না এবং আমরা তাদের শিখাতে পারবো না। সুতরাং সমাজের সামাজিক কাজগুলোর দিকে আমাদের বেশি বেশি নজর দিতে হবে।

- জনাব মোঃ শহিদুল ইসলাম, (পেশাজীবি সংগঠনের প্রতিনিধি) তিনি বলেন আমাদের এলাকায় পানি নিষ্কাশন, পয়নিষ্কাশনের কোন ব্যবস্থা নেই। যার ফলে বৃষ্টির সময় পানি জমা ও বিভিন্ন ময়লা আমাদের এলাকায় ছেয়ে যায়। যেটা আমাদের পরিবেশের অনেক ক্ষতি করে। তাই খুব দ্রুত এর সমাধান করা দরকার। তা না হলে বিভিন্ন ধরণের সমস্যার সৃষ্টি হবে। তিনি আরও বলেন, আমাদের খেলার কোন মাঠ নেই, বাচ্চারা মাঠে খেলেতে না পারলে তাদের মানষিক বিকাশ সংগঠিত হবে না। তিনি সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন বক্তব্য শেষ করেন।

- জাইকা সিফরসি-২ প্রকল্পের চিফ অ্যাডভাইজার নাওকো আনজাই বলেন, জনগণের চাহিদার কথা বিবেচনা না করে কোন প্রকল্প গ্রহণ করলে সে প্রকল্প কখনো ফলপ্রসূ হয় না। এজন্য রংপুরের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে জনগণের মতামত যাচাইকে গুরুত্ব দিতে হবে। বিভিন্ন জরিপ, গবেষণা, বিশেষজ্ঞ মতামত, আধুনিক রাষ্ট্রসমূহের পদ্ধতি ইত্যাদিকে অনুসরণ করা প্রয়োজন। উন্নয়ন পরিকল্পনাকে সফল করতে জনগণকে সম্পৃক্ত করতে করতে হবে কারণ যাদের জন্য উন্নয়ন তারা সম্পৃক্ত হলেই কেবল উন্নয়ন সফল এবং টেকসই হবে। তিনি জাপানের উন্নয়ন পদ্ধতির অভিজ্ঞতা সভায় উপস্থিত সকল সদস্যগণের সাথে শেয়ার করেন। তিনি বলেন, জাপানের উন্নয়নের আলোকে বলতে পারি রংপুর সিটি কর্পোরেশন ইন্টারনেট নির্ভর বিভিন্ন সেবা সম্প্রসারণের মাধ্যমে জনসম্পৃক্ততা বাড়াতে পারে। উন্নয়ন হোক জনগণের জন্য, জনগণকে সাথে নিয়ে এবং জনগণের মাধ্যমে। এই বলেই তিনি তার বক্তব্য শেষ করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | বিভিন্ন অবৈধ স্থাপনা, ব্রিজ নির্মান, রাস্তাঘাট নির্মান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যা জাইকা (বাংলাদেশ) কে অবহিত করা ও সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে এসব বিষয়ে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | বিভিন্ন মেধাবী গরীব শিক্ষার্থীদের জীবন মান উন্নয়ন লেখাপড়ার খরচ প্রদান, বিধবা ভাতা সহ বিভিন্ন সামাজিক কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| ০৩ | পানি ও পয়:নিষ্কাশনের জন্য ড্রেন নির্মান সহ, রাস্তা মেরমাতের জন্য কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | |
| ০৪ | নগরের পরিবেশের উন্নতিতে সকল শ্রেণি পেশার প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে মতামত গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়েছে। | |
| ০৫ | নাগরিকদের বিভিন্ন সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে মতামতের উপর ভিত্তি করে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর মাধ্যমে সকল প্রকল্প প্রস্তাব গ্রহণ এবং বাস্তবায়নের বিষয়ে করা হলে তা অনেকটা যথোপযুক্ত হবে বলে তিনি মনে করেন | |

পরিশেষে এ কমিটির (WLCC) সদস্যদের পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আনোয়ারুল ইসলাম)
কাউন্সিলর-০৭ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ০৭নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

স্মারক নং- ৪৬.১৮.০০০০. তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

মোঃ আনোয়ারুল ইসলাম

(মোঃ আনোয়ারুল ইসলাম)
কাউন্সিলর-০৭ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ০৭নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।


মাননীয় প্রধানমন্ত্রীর
কাছে শপথ নিচ্ছেন
রংপুর সিটি কর্পোরেশনের
তৃতীয়বারের
নির্বাচিত পরিষদ
সৌজন্যে:
কাউন্সিলর, ৭নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন
JICA
লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভা
পরিচালনা ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০৩০
সভাপতি
কাউন্সিলর,